

সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৪০

পর্ব-১: ত্বহরাহ্ (পবিত্রতা) (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১০৫: উযুতে সীমালঙ্ঘন

الاعْتِدَاءُ فِي الْوُضُوءِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ غَيْلَانَ، قَالَ: حَدَّثَنَا يَعْلَى، قَالَ: حَدَّثَنَا سُفْيَانُ، عَنْ مُوسَى بْنِ أَبِي عَائِشَةَ، عَنْ عَمْرِو بْنِ شُعَيْبٍ، عَنْ أَبِيهِ، عَنْ جَدِّهِ، قَالَ: جَاءَ أَعْرَابِيٌّ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَسْأَلُهُ عَنِ الْوُضُوءِ فَأَرَاهُ الْوُضُوءَ ثَلَاثًا ثَلَاثًا، ثُمَّ قَالَ: هَكَذَا الْوُضُوءُ، فَمَنْ زَادَ عَلَى هَذَا فَقَدْ أَسَاءَ وَتَعَدَّى وَظَلَمَ .

تخريج دارالدعوة: سنن ابى داود/الطهارة ٥١ (١٣٥) مطولاً، سنن ابن ماجه/فيه ٢٨ (٢٢٢)، (تحفة الأشراف: ٨٨٠٩)، مسند احمد ٢/١٨٠ (حسن صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 140 - حسن صحيح

বাংলা

১৪০. মাহমুদ ইবনু গয়লান (রহ.) 'আমর ইবনু শু'আয়ব (রহ.) তাঁর পিতার সূত্রে তাঁর দাদা হতে বর্ণিত। তিনি বলেন, একজন বেদুঈন নবী (সা.) -এর নিকট এসে তাকে উযু সম্বন্ধে জিজ্ঞেস করলো। তিনি (সা.) তাঁকে উযুর অঙ্গ তিন তিনবার ধৌত করে দেখালেন। আর বললেন, উযু এভাবেই করতে হয়। যে লোক এর উপর বাড়ালো সে সীমালঙ্ঘন ও যুলম করল।

English

105. Going To Extremes In Wudu'

It was narrated from 'Amr bin Shu'aib, from his father, that his grandfather said: A Bedouin came to the Prophet (ﷺ) to ask him about Wudu', so he

showed him how to perform Wudu', washing each part three times, then he said: 'This is Wudu'. Whoever does more than that has done badly, done to extremes and done wrong.'

ফুটনোট

সহীহ: আবু দাউদ ১৩৫, ইবনু মাজাহ ৪২২, মুসনাদে আহমাদ ৬৬৮৪, সহীহ ইবনু খুযায়মাহ্ ১৭৪।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আমর ইবনু শু'আয়ব (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=86411>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন